# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪৩৫

পর্ব - ১৫ঃ দাস-দাসী মুক্ত করা (كتاب العتق)

পরিচ্ছেদঃ ১. মুদাব্বার, মুকাতাব, উম্মু ওয়ালাদের বর্ণনা - উম্মুল ওয়ালাদ মনিবের মৃত্যুর পর আযাদ হয়ে যাবে

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «أَيُّمَا أَمَةٍ وَلَدَتْ مِنْ سَيِّدِهَا, فَهِيَ حُرَّةٌ بَعْدَ مَوْتِهِ». أَخْرَجَهُ ابْنُ مَاجَهْ, وَالْحَاكِمُ بِإِسْنَادٍ ضَعِيفٍ وَرَجَّحَ جَمَاعَةٌ وَقْفَهُ عَلَى عُمَرَ

ضعيف. رواه ابن ماجه (2515)، والحاكم (2/ 19)

বাংলা

১৪৩৫। ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে কোন দাসী তার মনিবের ঔরসজাত সন্তান প্রসব করবে সে তার মানবের মৃত্যুর পর আযাদ হয়ে যাবে।

একদল হাদীস বিশারদ এটিকে ’উমার (রাঃ) হতে বর্ণিত মাওকুফ হাদীস হওয়াকেই প্রাধান্য দিয়েছেন।[1]

## English

Ibn ’Abbas (RAA) narrated that Allah’s Messenger (ﷺ) said:
“When a man’s slave-woman bears him a child she becomes free at his death.” Related by Ibn Majah and Al-Hakim with a weak chain of narrators.

ফুটনোট

[1] ইবনু মাজাহ ২৫১৫, আহমাদ ২৯৩১, দারেমী ২৫৭৪। ইবনুল কাত্তান তাঁর আল ওয়াহম ওয়াল ইহাম ৩/১৩৮ গ্রন্থে বলেন, আবদুল্লাহ বিন আবদুল্লাহ বিন উওয়াইস আল আসবাহী সত্যবাদী। কিন্তু হাদীস বর্ণনায় দুর্বল। আর

দ্বিতীয় জন হচ্ছেন উবাইদুল্লাহ বিন ইয়াহইয়া আর রহাওয়ী, তার অবস্থা জানা যায় না। ইমাম সুয়ূত্বী তাঁর আল জামেউস সগীর ২৯৮১ হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম সানআনী সুবুলুস সালাম গ্রন্থে ৪/২২৮ গ্রন্থে বলেন, এর সানাদে আল হাসান বিন আবদুল্লাহ আল হাশিমী অত্যন্ত দুর্বল রাবী। বিন বায তাঁর হাশিয়া বুলুগুল মারাম ৭৬৪ তে বলেন, এর সানাদে হুসাইন বিন আবদুল্লাহ বিন উবাইদুল্লাহ বিন আব্বাস সে দুর্বল রাবী। বিন বায উক্ত কিতাবের ৬/২৩৩ পৃষ্ঠায় বলেন, শাইখ আলবানী যঈফুল জমে ২২১৮ তে হাদীসটিকে দুর্বল বলেছেন, মুহাদ্দিসগণের নিকট সঠিক হচ্ছে এটি উমার (রাঃ)-এর ইজতিহাদ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71246

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন